

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
হাসপাতাল-০৩ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নং-স্বাপকম/হাস-০৩/বিবিধ-১০(৪)/২০০২/৪৪


তারিখঃ-২৮-০১-২০১৪ খ্রিঃ

বিষয় : দেশের সকল সরকারি ও আধা-সরকারি হাসপাতালে বীর মুক্তিযোদ্ধাদের/ তাঁদের পরিবারবর্গের চিকিৎসা সেবা প্রদান সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে দৃষ্টিআকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, দেশ মাতৃকার স্বাধীনতা অর্জন তথা পরাধীনতার শৃংখলা মুক্ত করার জন্য ১৯৭১ সালে যে সকল অকুতোভয় বীর মুক্তিযোদ্ধারা তাঁদের জীবন বাজি রেখে মুক্তিযুদ্ধে ঝাঁপিয়ে পড়েছিলেন। জাতির প্রয়োজনে যাদের অনেকেই নিজের জীবন উৎসর্গ করেছিল অত্যন্ত সংগত কারণে আজ তাঁরা/ তাঁদের পরিবারবর্গ বিনামূল্যে চিকিৎসা সুবিধা প্রাপ্তির দাবি রাখে। সে লক্ষ্যে বীর মুক্তিযোদ্ধাদের/ তাঁদের পরিবারবর্গের সুচিকিৎসা নিশ্চিত করা প্রয়োজন।

০২। এমতাবস্থায়, বীর মুক্তিযোদ্ধাদের/ তাঁদের পরিবারবর্গের অগ্রাধিকার ভিত্তিতে বিনামূল্যে নিম্নোক্ত সুচিকিৎসা নিশ্চিত করার কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো :

- (ক) বীর মুক্তিযোদ্ধাদের/ তাঁদের পরিবারবর্গের জন্য দেশের সকল সরকারি ও আধা-সরকারি হাসপাতালে বিনামূল্যে ০১ টি কেবিন/ সীট বরাদ্দ নিশ্চিতকরণসহ যদি ঝালি না থাকে সেক্ষেত্রে রোগী ভর্তির সাথে সাথে অগ্রাধিকার ভিত্তিতে সীট/ কেবিন বরাদ্দ প্রদান ;
- (খ) বীর মুক্তিযোদ্ধাদের/ তাঁদের পরিবারবর্গের জন্য দেশের সকল সরকারি ও আধা-সরকারি হাসপাতালে শতা সকল রোগ নির্ণয়সহ ঔষধ বিনামূল্যে সরবরাহ করা ;
- (গ) হাসপাতালে আগমনে অপারগ ওরুতুর অসুস্থ ব্যক্তিদের বিনামূল্যে এ্যাম্বুলেন্সযোগে হাসপাতালে আনয়নসহ চিকিৎসা সেবা প্রদানের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।

  
(মুকন্নাহার)

সিনিয়র সহকারী সচিব  
ফোন-৯৫৪৯১৯২

বিতরণ কার্যার্থে :

- ০১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তাকে এ বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণসহ পত্রটি সকল সিভিল সার্জন/ তত্ত্বাবধায়ক/ সহকারী পরিচালক-এর কার্যালয়ে প্রেরণের অনুরোধ করা হলো।)
- ০২। পরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল (সকল) -----
- ০৩। পরিচালক, বিশেষায়িত হাসপাতাল (সকল) -----
- ০৪। পরিচালক (হাসপাতাল), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ০৫। পরিচালক/ রেজিস্ট্রার (সকল) -----

অনুলিপি সদয় অবগতির জন্য :

- ০১। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ০২। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ০৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সরকারি পরিবহনপুল ভবন, সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা
- ০৫। যুগ্ম-সচিব (হাসপাতাল ও নার্সিং) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ০৬। যুগ্ম-সচিব (হাসপাতাল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ০৭। যুগ্ম-সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ০৮। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (তাকে প্রক্কাপনটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়-এর ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।)